

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ শ্রাবণ, ১৪২২ বঙ্গাব্দ/৩০ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৪০-আইন/২০১৫/ফিল্ড ফা (রাজ-৪) —যেহেতু, সরকার Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No. V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস পরিচালনার উদ্দেশ্যে গত ২১ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৪৯-আইন/২০১৫/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা নিম্ন তফসিলে বিধৃত চট্টগ্রাম জেলার আওতাধীন সীতাকুন্ড ফিল্ড ফায়ারিং রেঞ্জ এলাকা, অতঃপর উক্ত এলাকা বলিয়া উল্লিখিত, বা উহার অংশ বিশেষকে নির্ধারণ করিয়াছে;

এবং যেহেতু, উক্ত Act এর section 9 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে গত ১০ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের নোটিশ এস, আর, ও নং ১৭৩-আইন/২০১৫/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা উক্ত এলাকায় ০৫ জুলাই, ২০১৫ হইতে ০৪ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ পর্যন্ত ফিল্ড ফায়ারিং ও আর্টিলারি প্র্যাকটিস পরিচালনার জন্য প্রজ্ঞাপন জারী করিবার উদ্দেশ্যে, সরকার একটি অভিপ্রায় নোটিশ জারী করিয়াছিল;

এবং যেহেতু, ফিল্ড ফায়ারিং এবং আর্টিলারি প্র্যাকটিস পরিচালনার জন্য ১০ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের নোটিশ এস, আর, ও নং ১৭৩-আইন/২০১৫/ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা নির্ধারিত তারিখ ০৫ জুলাই ২০১৫ ইতিমধ্যে অতিক্রান্ত হইয়া গিয়াছে;

(৬১১১)

মূল্যঃ টাকা ৪.০০

সেহেতু, সরকার উক্ত Act এর section 9 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে আগামী ০৫ আগস্ট, ২০১৫ হইতে ০৪ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত উক্ত এলাকায় ফিল্ড ফায়ারিং এবং আটিলারি প্র্যাকটিস পরিচালনা অনুমোদন করিল, যথা:—

তফসিল

১। মৌজা জংগল ভাটিয়ারী, জে এল নং ৫৯, বি এস সীট নং ৩ ও ৫, থানাঃ সীতাকুণ্ড, জেলাঃ চট্টগ্রাম।

ক। পূর্ণ বি এস দাগ নং ৮৭৭, ৮৭৮, ৮৭৯, ১০১৩, ১০১৪, ১০১৫, ১০১৬, ১০১৭, ১০১৮, ১০২৪, ১০২৫, ১০২৬, ১০২৭, ১০৩১, ১০৩২, ১০৯৮, ১১১।

আংশিক বি এস দাগ নং ১০১৯, ১০২১, ১০২২, ১০২৩, ১০২৯, ১০৩০, ১০৩৭, ১০৯৯, ১১০০, ১১০৬।

১৮২.৮৬ একর

খ। উক্তরে উঁচু/নীচু ভূমি, পূর্ণ বি এস দাগ নং ৩২১, ৩৬২, ৩৬৩, ৩৬৪, ৩৬৫, ৩৬৬, ৩৬৭, ৩৬৮, ৩৬৯, ৩৯৮, ৩৯৯, ৪০০, ৪০১, ৪০২।

আংশিক বি এস দাগ নং ১০২১, ১০২২।

২৯৬.৫৩ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, মফিজুল হক
যুগ্ম-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd